

'INSTITUTIONALIZATION OF DEMOCRACY IN BANGLADESH' শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন



আজ (২৫ জুলাই, ২০১৯-বৃহস্পতিবার) বেলা ১২ ঘটিকায় সাউথ এশিয়ান স্টাডি সার্কেল, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী রচিত এবং জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর কর্তৃক প্রকাশিত 'institutionalization of Democracy in Bangladesh' শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠান উপাচার্য মহোদয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান বইটির মোড়ক উন্মোচন করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. এস এম আনোয়ারা বেগম এবং বাংলাদেশ এশিয়াটিক সোসাইটির সাধারণ সম্পাদক এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সাক্বীর আহমেদ। এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, ইনস্টিটিউটের পরিচালক এবং শিক্ষক-শিক্ষিকাবৃন্দ উপস্থিত ছিলেন।